সমকাল

তারিখ ... 28 AUG 2015 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৭ ......



সিলেটের বিয়ানীবাজারে বৃহস্পতিবার জলঢুপ উচ্চ বিদ্যালয়ে শিক্ষার্থীদের সঙ্গে আড্ডায় মেতে ওঠেন শিক্ষামন্ত্রী

» সমকাল

# শিক্ষার্থীদের সঙ্গে শিক্ষামন্ত্রীর আড্ডা

■ বিয়ানীবাজার (সিলেট) প্রতিনিধি

শিক্ষামন্ত্রীর কথা শুনে হেসে উঠল শিক্ষার্থীরা। স্কুল শিক্ষার্থীদের সঙ্গে কী এমন কথা বললেন সরকারের সফল এ মন্ত্রী! বিয়ানীবাজারে বৃহস্পতিবার জলঢুপ উচ্চ বিদ্যালয়ের দ্বিতল ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন শেষে সুধী সমাবেশে প্রধান অতিথির বক্তব্য দিয়ে শিক্ষামন্ত্রী দর্শক সারিতে শিক্ষার্থীদের সঙ্গে বেঞ্চে বসে পড়লেন। কুশলাদি জিজ্ঞাসার পর মন্ত্রীর শিশুসুলভ ব্যবহারে শিক্ষার্থীরা প্রথমে অবাক হলেও পরে তারাও কিছুক্ষণের জন্য মন্ত্রীর আড্ডার সঙ্গী বা বন্ধু হয়ে ওঠে। এ সময় শিশুরা মন্ত্রীকে ঘিরে ধরে কথা বলল। মন্ত্রী তার স্কুলজীবনের কথা বললেন। স্কুলজীবনের কথা বলতে গিয়ে মন্ত্রী তার ছেলেবেলার একটি মজার ঘটনা বলতেই সব শিক্ষার্থী একসঙ্গে হেসে উঠল। মন্ত্রীও হাসলেন। কাছেই দাঁড়িয়ে থাকা উপজেলা আওয়ামী লীগের সভাপতি আবদুল হাসিব মনিয়াও হাসলেন। শিক্ষামন্ত্রী ও কোমলমতি শিক্ষার্থীদের মুক্ত হাসি ছড়িয়ে পড়ল সুধী সমাবেশে আগন্তুকদের মধ্যেও। এর আগে সকালে উপজেলার দুবাগ আইডিয়াল স্কুলের নতুন ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন শেষে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেন, নৈতিক শিক্ষালাভের সঙ্গে সঙ্গে শিক্ষার্থীদের জ্ঞান অর্জন করতে হবে। জ্ঞান অর্জনের কোনো বিকল্প নেই।